



চিঠিপত্র

letters.ittfaq@gmail.com

মতামতের জন্য সম্পাদক দ্বারা



বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় প্রসঙ্গে

সারা চট্টগ্রামে একদিনের বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় আছে। পাশাপাশি আছে একাধিক বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ও। সরকারি থেকে যারা প্রশিক্ষণপ্রাপ্ত, তারাও বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন এবং শিক্ষকদের প্রশিক্ষণ নিয়ে আসছেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়দের পরীক্ষার প্রসঙ্গ প্রণয়ন থেকে শুরু করে উত্তরপত্র মুদ্রাণ এবং ফলাফল প্রকাশ করে থাকেন। সরকারি নীতিমালার আলোকে অনুমোদন নিশ্চয় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হিচ। গত ১১ জানুয়ারি একটি জাতীয় দৈনিক পত্রিকায় যে খবর ছাপা হয়েছে সেটি পড়ে আমি উষ্ম। শিক্ষা মহাবিদ্যালয়ের উর্ধ্বতন এক কর্মকর্তা পত্রিকাকে বলেন, সরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় থেকেই প্রশিক্ষণ নিতে হবে এবং বেসরকারি থেকে বিএড প্রশিক্ষণ

নেওয়া কারো কাগজপত্র অনুমোদনের জন্য পাঠানো হচ্ছে না। তাহলে ১৯৯৫ সাল থেকে বেসরকারিভাবে পড়ে ওঠা এবং পরবর্তী সময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে বিএড প্রশিক্ষণ কলেজ কিভাবে প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে আসছে। বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ থেকে বিগত সময়ে হাজার হাজার শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করে বিএড ডিগ্রি (স্বাধীন) জোগ করে আসছেন। তাহলে কি বেসরকারি বিএড প্রশিক্ষণ কলেজে সরকারি নিয়ন্ত্রণভুক্ত বই পড়ানো হচ্ছে না। কেনইবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রসঙ্গ প্রণয়ন ও উত্তরপত্র মুদ্রাণ করেন। বিষয়টির প্রতি উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

মুহাম্মদ আবদুল খালেক,
সোমসাদা, চট্টগ্রাম